

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৯.১৭-

১৫৩৯

তারিখ: ৩০.০৮.২০১৭ খ্রি:।

বিষয়: নাগেশ্বরী কামিল মাদরাসায় অধ্যক্ষ পদে নিয়োগ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ একটি প্রতিবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) নাগেশ্বরী কামিল মাদরাসার স্মারক নং-না.কা.মা/অ:নি/২০১৭/৭৩

তারিখ: ২৩.০২.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০৫৪.১৭-৩০৮

তারিখ: ২৬.০৪.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে ২৩.০২.২০১৭ তারিখে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারক মূলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অপিত ক্ষমতা বলে 'অধ্যক্ষ' পদে নিয়োগের লক্ষ্যে ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) কে ২৬.০৪.২০১৭ খ্রি: তারিখে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হয়।

০৩. বর্ণিত মাদরাসার অধ্যক্ষ পদে নিয়োগ বোর্ডে ডিজি'র প্রতিনিধি প্রাপ্তির পর ইতোমধ্যে (২৬.০৪.২০১৭ হতে ৩০.০৮.২০১৭) দীর্ঘ প্রায় ৪ মাস অতিবাহিত হতে চলেছে। আজোবধি মহোদয়ের মাদরাসায় অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ড গঠনের কোন পদক্ষেপই মহোদয় কর্তৃক গৃহীত হয়নি।

০৪. মাদরাসাটি কুড়িগ্রাম জেলার ঐতিহ্যবাহী একটি শিক্ষা প্রতিষ্ঠান। মাদরাসাটির দাপ্তরিক ও একাডেমিক ধারাবাহিকতা রক্ষা এবং প্রশাসনিক প্রয়োজনে নিম্নে বর্ণিত তথ্যাদি প্রয়োজন।

০৫. ১ নং স্মারক মূলে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কর্তৃক ২৩.০৪.২০১৭ তারিখে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ডে ডিজির প্রতিনিধি প্রাপ্তির জন্য আবেদন দাখিলের পূর্বে কত দিন যাবৎ অধ্যক্ষের পদটি শূণ্য রয়েছে ?

(ক) দীর্ঘ দিন যাবৎ অধ্যক্ষের পদটি শূণ্য রয়েছে কি-না ? থাকলে এর কারণ কি ?

(খ) অধ্যক্ষ পদ শূণ্য থাকার পূর্ণ সময়কালে বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বরত ছিলেন কি-না ?

(গ) অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ড গঠনে দীর্ঘ দিন (প্রায় চার মাস) বিলম্ব/কালক্ষেপণ করার কারণ কি?

(ঘ) অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বোর্ড গঠনে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক কিকি পদক্ষেপ/উদ্যোগ গৃহীত হয়েছে?

(ঙ) উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকলে এর ফলাফল কি?

(চ) উদ্যোগ গ্রহণ না করা হয়ে থাকলে এর কারণ কি এবং এর জন্য কে বা কারা দায়ী ?

(ছ) অধ্যক্ষ পদে নিয়োগ সম্পন্ন করার বিষয়ে বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর কিকি পরিকল্পনা বিবেচনায় আছে?

(ঝ) অধ্যক্ষ নিয়োগের কার্যক্রমটি কবে নাগাদ শেষ হবে ?

(ঞ) অধ্যক্ষ নিয়োগের এ দীর্ঘ সূত্রীতায় তাঁর (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) কোন দায়িত্ব অবহেলা আছে কি-না?

০৭. এমতাবস্থায় উপরে চাহিত মতে তথ্যসহ একটি প্রতিবেদন আগামি ১০.০৯.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। চাহিত তথ্য প্রদানে ব্যর্থতা অসাদাচরণ হিসেবে বিবেচিত হবে এবং সেমতে আইনানুগ পদক্ষেপ গৃহীত হবে।

অধ্যক্ষ

নাগেশ্বরী কামিল মাদরাসা, ডাক: নাগেশ্বরী, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

৫. অফিস কপি

Amit  
30.08.17

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)